

চলন্ত ক্লাসরুম!

সাধারণত নামে ‘স্কুল বাস’ হলেও সরাসরি পড়াশোনার সঙ্গে কোন সম্পর্ক নেই গাড়ির। শুধু শিক্ষার্থীদের প্রতিদিন আনা-নেয়ার কাজই করে যায়। সম্প্রতি ভারতের অরণ্যাচল প্রদেশে এমন এক বাস চালু হয়েছে, যা সত্যিকার অর্থেই ‘স্কুল বাস’। কারণ, এটি শুধু শিক্ষার্থীদের আনা-নেয়াই নয় বরং বাসে বসিয়ে পড়ালেখা শেখাচ্ছে। অরণ্যাচলের অন্যতম বড় সমস্যা হচ্ছে স্থান সংকট। সেখানে স্কুলের জন্য পর্যাপ্ত জায়গার ব্যবস্থা করাই দায়। অনেক স্কুলে একাধিক শ্রেণীর শিক্ষার্থীদের একই কক্ষ ভাগাভাগি করে বসতে হয়। এ কারণে আশঙ্কাজনক হারে কমে যাচ্ছিল শিক্ষার্থীর সংখ্যা। এ সংকট ঠেকাতে অভিনব উদ্যোগ নেয় প্রশাসন। তারা পুরনো একটি বাসে চেয়ার-টেবিল বসিয়ে ‘চলন্ত ক্লাসরুম’ তৈরি করে ফেলে। প্রশাসন জানায়, থোয়াং এলাকায় অনেক শিক্ষার্থীই স্কুলে যাওয়া ছেড়ে দিয়েছিল। তবে নতুন এ স্কুল বাসে ক্লাস করার জন্য অনেকেই আকৃষ্ণ হচ্ছে। এমনকি, ক্লাসের নির্ধারিত সময়ের চেয়েও বেশি সময় তারা বাসে থাকতে চাইছে। লোহিত জেলার ডেপুটি কমিশনার প্রিন্স ধাওয়ান জানান, নতুন এ স্কুল বাসে আনন্দের সঙ্গে শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে শিক্ষা নিচ্ছে। বাসের বাইরে ভারতের মানচিত্র, জাতীয় পশ্চ ও মানবদেহের অঙ্গ-প্রত্যঙ্গের ছবি এঁকে সাজানো হয়েছে। ভেতরে বোর্ড, চেয়ার, টেবিল ও অন্য সরঞ্জামের সাহায্যে একটি শ্রেণীকক্ষের রূপ দেয়া হয়েছে। প্রথম উদ্যোগ সফল হওয়ায় এখন বিদ্যালয় থেকে শিশুদের বারে পড়া ঠেকাতে এ ধরনের আরও স্কুল বাস চালুর পরিকল্পনা করছে প্রশাসন। -এনডিটিভি

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত্ত ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কটার্ন,
জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩০৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকর্ত্ত: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com